দৈনিক ইনকিলাব

তারিখ 31 MAR 1987
পৃষ্ঠা ... 1 কলাম 6 ...

# শুধু আনুষ্ঠানিক শিক্ষার মাধ্যমে সবার জন্য শিক্ষা সম্ভব নয়

।। স্টাফ রিপোর্টার ।।

পরিকল্পনা কমিশনের সদস্য জনাব কাজী ফজলুর রহমান বলেছেন, কেবলমাত্র আনুষ্ঠানিক শিক্ষার মাধ্যমে ২ হাজার সালের মধ্যে সবার জন্য শিক্ষা সম্ভব নয়। তবে সরকারের প্রশাসন বিকেন্দ্রীকরণ নীতির ভিত্তিতে প্রাথমিক শিক্ষাকে আরো

শেষ পৃঃ ৭-এর কঃ দেখুন

## আনুষ্ঠানিক শিক্ষা

প্রথম পৃষ্ঠার পর

সম্প্রসারণ করতে হলে জনগণের সহযোগিতা অপরিহার্য। এ লক্ষ্যে তিনি রাজনৈতিক সংকল্পের প্রয়োজনীয়তার উপর গুরুত্বারোপ করেছেন।

গতকাল সোমবার ওসমানী স্মৃতি মিলনায়তনে শিক্ষা মন্ত্রণালয় আয়োজিত '২ হাজার সাল নাগাদ সবার জন্য শিক্ষা' শীর্ষক সেমিনারে মূল প্রবন্ধে জনাব রহমান উপরোক্ত বক্তব্য রাখেন।

শিক্ষা সপ্তাহ উপলক্ষে আয়োজিত এ সেমিনারে সভাপতিত্ব করেন শিক্ষামন্ত্রী জনাব মাহবুবুর রহমান। সেমিনার উদ্বোধন করেন বেগম রওশন এরশাদ। এতে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন শিক্ষা উপমন্ত্রী জনাব গোলাম সরোয়ার মিলন এবং শিক্ষা ও সংস্কৃতি বিভাগের সচিব জনাব এম, এ, সাঈদ।

উদ্বোধনী ভাষণে বেগম রওশন এরশাদ বলেন যে, দেশের বর্তমান শিক্ষা ব্যবস্থা প্রধানতঃ নগরমুখী। সরকারের প্রশাসন বিকেন্দ্রীকরণের ফল হিসেবে রাজধানী ও শহরকেন্দ্রিক শিক্ষাকে গ্রামমুখী করতে হবে।

তিনি নারী শিক্ষা বিস্তারে বর্তমান সরকারের গৃহীত পদক্ষেপের প্রশংসা করেন।

কাজী ফজলুর রহমান তাঁর প্রবন্ধে বলেন, দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার অধীনে প্রায় ২শ' কোটি টাকা ব্যয় করেও প্রাইমারী স্কুল গমনোপযোগী বয়সের ছাত্র ভর্তির হার বৃদ্ধি করা সম্ভব হয়নি। ১৯৮০ সালে এ হার ছিল শতকরা ৬৫ এবং ১৯৮৫ সালে তা দাঁড়ায় শতকরা ৬৪-তে। তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় ৫শ' ১৩ কোটি টাকা ব্যয়ে এ হার শতকরা ৭০ ভাগে উন্নীত করার সরকারী লক্ষ্যমাত্রাকে তিনি, উচ্চাভিলাষী পরিকল্পনা বলে আখ্যায়িত করেন।

শিক্ষামন্ত্রী জনাব মাহবুবুর রহমান বলেন, শিক্ষার প্রসার ছাড়া জাতীয় উন্নয়ন সম্ভব নয়। তিনি শিক্ষা ব্যবস্থায় ধর্মীয় মূল্যবোধের সমন্বয় ঘটানোর উপর গুরুত্বারোপ করেন।